তারিখ 27 APR 2017
পৃষ্ঠা ১৬ কলাম ৬

সংবাদ

# উচ্চশিক্ষায় বিদেশ যাচ্ছেন পুলিশ হত্যার আসামি পবিপ্রবির শিক্ষক

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

পুলিশ হত্যা মামলার আসামি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) এক শিক্ষককে বিশ্ববিদ্যালয় প্রশাসন বিদেশ যাওয়ার সুযোগ করে দিয়েছে বলে অভিযোগ উঠেছে। অভিযুক্ত ওই শিক্ষককের নাম মো. জিল্লুর রহমান। তিনি বিশ্ববিদ্যালয়ের ভাষা ও যোগাযোগ বিভাগের সহযোগী অধ্যাপক। মো. জিল্লুর রহমান কেন্দ্রীয় জামায়াতের শূরা সদস্য ও ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সাবেক সভাপতি।

জানা গেছে, ২০১৩ সালের ৩ মার্চ হরতাল চলাকালে ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলা শহরে জামায়াত-শিবিরের নেতাকর্মীরা পুলিশ উচ্চ : পৃষ্ঠা : ২ ক : ২

## উচ্চ : শিক্ষায়

(১৬ পৃষ্ঠার পর)

কনস্টেবল ওমর ফারুককে কুপিয়ে নৃশংসভাবে হত্যা করে। এ ঘটনার ইন্ধনদাতা হিসেবে ২০ এপ্রিল ঝিনাইদহ শহরের আল-আমিন ক্লিনিক থেকে জিল্লুর রহমানকে আটক করে পুলিশ। দীর্ঘদিন জেলহাজতে থাকার পর তিনি বর্তমানে ওই মামলায় জামিনে রয়েছেন।

পবিপ্রবিতে চাকরির বিধিমালা অনুযায়ী, কোন ব্যক্তি ফৌজদারি বা অন্য কোন মামলায় কারাবরণের দিন থেকে মামলা নিস্পত্তি হওয়া পর্যন্ত সাময়িক বরখাস্ত থাকবেন। কিন্তু রহস্যজনক কারণে জিল্লুর রহমানের বিরুদ্ধে এ আইন কার্যকর করেনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিদেশে পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য সম্প্রতি তিন বছরের শিক্ষা ছুটি দিয়েছে পবিপ্রবি প্রশাসন। এ নিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের মাঝে ক্ষোভ বিরাজ করছে।

পবিপ্রবির রেজিস্ট্রার প্রফেসর ড. স্বদেশ চন্দ্র সামন্ত বলেন, প্রাথমিকভাবে এ ব্যাপারে একটি অফিস আদেশ দেয়া হয়েছিল। কিন্তু পরবর্তীতে ওই শিক্ষক ভিসার জন্য ফাইল নোট চেয়ে আবেদন করেন। আমরা তাকে তা দিইনি, ফলে তিনি ভিসা পাবেন না। এছাড়াও শিক্ষক জিল্লুরের নামে যে মামলা রয়েছে তা রেজিস্টার অফিসের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানত না। এ কারণে ভুলটি হয়েছে। অভিযুক্ত শিক্ষক মো. জিল্লুর রহমান বলেন, ষড়যন্ত্রমূলকভাবে তাকে মামলায় ফাঁসানো হয়েছে। পুলিশ হত্যাকাণ্ডের দিন তিনি বিশ্ববিদ্যালয়ে ক্লাসে ছিলেন। এ ব্যাপারে অনুষদের ডিন প্রশাসন বরাবর লিখিতভাবে জানিয়েছেন। এ কারণে পবিপ্রবির বিধি অনুযায়ী তাকে বরখাস্ত করা হয়নি।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
উপ. পরিসংখ্যান বিভাগ
উপ. ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর